কালিহাতীতে ক্লিনিক-হাসপাতালে প্রশাসন-স্বাস্থ্য বিভাগের অভিযান, জরিমানা ১ লাখ ৫৫ হাজার টাকা

লেখক: প্রকাশক | প্রকাশিত: 17 August 2026, 08:43 PM | বিভাগ: সারাদেশ

পরিবেশের ছাড়পত্র ও প্রয়োজনীয় লাইসেন্স না থাকাসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে টাঙ্গাইলের কালিহাতীতে বেসরকারি ক্লিনিক ও হাসপাতালে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ। অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে মোট ১ লাখ ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) দুপুরে কালিহাতী সদরের বিভিন্ন ক্লিনিক ও হাসপাতালে এ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ফারজানা আক্তার। এ সময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিরুফা তাজনীন উপস্থিত ছিলেন।

অভিযানে পরিবেশের ছাড়পত্র ও প্রয়োজনীয় লাইসেন্স না থাকাসহ বিভিন্ন অনিয়মের কারণে বিসমিল্লাহ ক্লিনিককে ৫ হাজার টাকা, কালিহাতী পপুলার হাসপাতালকে ৫০ হাজার টাকা এবং তানজিা ডিজিটাল হসপিটালকে ১ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। পরে জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মরিুফা তাজনীন জানান, স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী এ অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযানে মোট চারটি ক্লিনিক ও হাসপাতাল পরিদর্শন করা হয়। এর মধ্যে তিনটি প্রতিষ্ঠানকে বিভিন্ন অনিয়মের কারণে মোট ১ লাখ ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

তিনি আরও জানান, উপজেলার সব ক্লিনিক ও হাসপাতালের মালিকদের আগামী এক মাসের মধ্যে প্রয়োজনীয় বৈধ কাগজপত্র সম্পন্ন করে প্রতিষ্ঠান পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র হালনাগাদ না করলে পরবর্তীতে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।